ভূমি অর্থাৎ উক্ত বাটী যে ভূমির উপর আছে অনুমান।২ সাত কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মেরি ওএকফীণ্ডের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে কালীশঙ্কর ঘোষের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে উক্ত বিবি বাচি মারসালের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে শ্রীযুত রিবেরু সাহেবের বাটী ও ভূমি। পশ্চিম দিগে উক্ত বিবি নাম্নী উলিয়মসের বাটী ও ভূমি।

৩ দফা। এবং পূর্ব্বোক্ত কলিকাতানগরের কন্দরডাইনের গলির শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক একতালা গৃহ বসতবাটী ও তৎসম্পর্কীয় এক খণ্ড ও বন্দ ভূমি অর্থাৎ উক্ত বাটী যে ভূমির উপর আছে অনুমান।২ সাত কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মেরি ওএকফীণ্ডের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধবিশেষতঃ উত্তর দিগে শ্রীযুত রাউলগু সাহেবের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে গৌরগুড়িঠাকুরের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে উক্ত গৌরগুড়ি ঠাকুরের বাটী ও ভূমি। পশ্চিম দিগে পূর্ব্বোক্ত কন্দর ডাইনের গলি।

৪ দফা। এবং কলিকাতা শহরতলীর ইটালির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১১/ এগার বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মেরি ওএকফীণ্ডের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে নিমাই মল্লিকের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে কাশী সরকারের এক খণ্ড বাগাৎ ভূমি। পূর্ব্ব দিগে মুন্সী কাসীম আলির বাটী ও ভূমি। পশ্চিম দিগে দুলাল ঘোষের এক খণ্ড ভূমি।

৫ দফা। এবং পূর্ব্বোক্ত কলিকাতা শহরতলির ইটালীর শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি অনুমান ৭ সাত বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মেরি ওএকফীণ্ডের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সদর রাস্তা। দক্ষিণ দিগে শ্রীযুত জোসেফ জেকবের বাটী। পূর্ব্ব দিগে বিবি মায়েরের বাটী ও ভূমি। পশ্চিম দিগে দুলাল সরকার ও মানুএল ডেকোষ্টার বাটী ও ভূমি ও এক খণ্ড বাগাৎ ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

## সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ২৩ জুন বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরেরসময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মৃত পঞ্চানন দাসের পুত্র অথচ উত্তরাধিকারী রসিকলাল দাস ও উমেশচন্দ্র দাস ও মহেশচন্দ্র দাস ও গিরিশচন্দ্র দাসের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরের সুতালুটিতে সোভাবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী নং ৩০৩ এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /১।০ এক কাঠা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার চতুর্থাংশের একাংশে ও তাহার চতুর্থাংশের একাংশের মধ্যে ও তাহার চতুর্থাংশের একাংশের উপর পূর্ব্বোক্ত আসামী মৃত পঞ্চানন দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে চিতপুরের রাস্তা। পশ্চিম দিগে উমেশচন্দ্র পালচৌধুরীর বাটী ও ভূমি। উত্তর দিগে হরদাস মিত্রের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে পিয়ারী খানকির বাটী ও ভূমি।

২ দফা। এবং কলিকাতা নগরের শিমলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক পুষ্করিণী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৮১ ষোল কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার ছয় আনী ভাগের চতুর্থাংশের একাংশেতে ও তাহার ছয় আনী ভাগের চতুর্থাংশের একাংশের মধ্যে ও তাহার ছয় আনী ভাগের চতুর্থাংশের একাংশের উপর পূর্ব্বোক্ত আসামী মৃত পঞ্চানন দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে রুপনারায়ণ ঘোষালের এক খণ্ড ভূমি। পশ্চিম দিগে এক গলি। উত্তর ও দক্ষিণ দিগে রামমোহন মল্লিকের ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

## সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাত কারণ এই বিজ্ঞাপন পত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন ইতি।

## রামায়ণ।

সর্ব্বজন জ্ঞাতকারণ এই বিজ্ঞাপন পত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেল্‌দবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্‌দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

## অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতিঃ।

সর্ব্বজনের জ্ঞাত কারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্ব স্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। অহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

## মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে সুপণ্ডিতকর্তৃক সংশোধনপূর্ব্বক মুদ্রাঙ্কিত হইতেছে ঐ গ্রন্থ দুই বালমে প্রস্তুত হইবে। মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

## বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সাল অবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধআইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্টসাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

ভারতবর্ষীয় ইতিহাস।

অর্থাৎ ভারতবর্ষে ইঙ্গলণ্ডীয়েরদের প্রথম গমনাবধি ১৮২২ সালপর্য্যন্ত ইঙ্গলণ্ডীয়েরদের ভারতবর্ষে কৃত তাবৎ ব্যাপারের উপাখ্যান ২ বালমে প্রকাশিত হয়। মূল্য ৮ টাকা।

## শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সনরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত বাঙ্গলা ডিক্সানরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৬০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্স্যনরি ২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথকরূপে লইলে ৬ টাকা।

সদ্‌গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্‌গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ॥০ টাকা।

বাঙ্গলা গ্রামার।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত বাঙ্গলা ভাষায় গ্রামার। চতুর্থ বার মুদ্রিত। মূল্য ২ টাকা।

কবিতা রত্নাকর।

অর্থাৎ স্বল্পের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সমপূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

## রাজকর্ম্মে নিয়োগ।

৭ জুন ১৮৩৬।

সুবে বাঙ্গলার শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত জে পি ডেসা সাহেব ১৮৩৩ সালের ৯ আইনের বিধ্যনুসারে মুঙ্গের প্রদেশের ডেপূটি কালেক্টর হইয়াছেন।

৩০ মে।

আগ্রার প্রধান সদর আমীন শ্রীযুত পাঁচকৌড়ি মুকুন্দ সিংহ স্বীয় কর্ম্মোপলক্ষে তত্রস্থ একটিং জজ সাহেবকর্ত্তৃক যে চারি দিবসের ছুটি পান তাহা মঞ্জুর হইল।

১ জুন।

শ্রীশ্রীযুত লেপ্টেনন্ত গবরনর সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত প্রতাপনারায়ণ পণ্ডিত মীর্জাপুরের উপরি প্রধান সদর আমীন হইয়াছেন।

বারাণসী ও জানপুর ও মীর্জাপুর ও গাজিপুরের তাবৎ মোকদ্দমা ১৮৩১ সালের ২ আইন ও ১৮২৫ সালের ৯ আইনের বিধ্যনুসারে প্রথম প্রস্তুত ও তজবীজ ও নিষ্পত্তিকরণার্থ শ্রীযুত জে জে টানটন সাহেব ডেপুটি কালেক্টর হইয়াছেন।


# সমাচার দর্পণ

শনিবার ১৮ জুন ১৮৩৬।


### দমদমার বারুদখানায় বজ্রপাত।

দমদমাস্থ যে বারুদ খানাতে প্রায় শতাবধি পিপা বারুদ জমা ছিল তাহাতে গত রবিবার সায়ংকালে পাঁচ ঘণ্টাসময়ে বজ্রপাত হইয়া তাবৎ বারুদ উড়িয়া যাওয়াতে তাহার বেগেতে বহুতর ক্ষতি হইয়াছে বিশেষতঃ এক জন গোলন্দাজ ও এতদ্দেশীয় দুই জন হত ও কএক জন ভগ্নহস্ত হইয়া অত্যন্তাঘাতী হইয়াছে এবং অনেক কামানের গাড়ি চূর্ণ হইয়াছে আরো শ্রীযুত কাপ্তান কার্টরাইট ও কাপ্তান ডালস ও ডাক্তর মেলিস সাহেবের বাটীর অত্যন্ত ক্ষতি হইয়াছে অপিচ বারুদখানার ইষ্টকসকল বায়ুবেগে শব্দায়মান হইয়া ইতস্ততঃ শতং হস্তপর্য্যন্ত ছুটিয়া গিয়াছে। এবং যে প্রধান কোতখানা বারুদখানাহইতে প্রায় পঁচিশ হাত অন্তরিত ছিল তাহাতে এমত দারুণ ধাক্কা লাগিয়াছিল যে ছয় হাত লম্বা তাহার দালানের একাংশ এককালে উড়িয়া গিয়াছে আর নিকটস্থ তাবৎ বাটীর দ্বার ও জানালা টুকরাং হইয়া গিয়াছে ও গোলন্দাজের সেনাপতি সাহেবেরদের ভোজনাগারের অধিক ক্ষতি হইয়াছে। ঐ বারুদখানা বিনষ্ট হওনসময়ে তাহাহইতে প্রায় শত হস্তঅন্তরিত যে এক পালকিগাড়ি ছিল তাহার দুই ঘোটক চোট খাইয়া পড়িয়া তন্মধ্যে একটা হত হইয়াছে। এবং গাড়ির দ্বার ফাটিয়া যাওয়াতে ঐ শকটস্থ লোকেরা বাহিরে পড়িল তাহারদের এক ব্যক্তির গলদেশে ইষ্টকের দ্বারা অত্যন্তাঘাত হয়। বারুদখানার সম্মুখবর্ত্তি কারাগারের তাবৎ দ্বার খুলিয়া গেল তাহাতে কারাবদ্ধেরদিগের পলায়নের সুযোগ হইয়াছিল কিন্তু ঐ দুর্ঘটনাতে এমত শঙ্কিত হইয়াছিল যে তাহারা এক পাদও নড়িতে পারিল না বরং অজ্ঞান অচৈতন্যাবস্থায় ঘরের মেজিয়াতে পতিত দৃষ্ট হইল।

## Civil Appointments.

*7th June, 1836.*

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointment:

Mr. J. P. Dessa to be Deputy Collector in the District of Monghyr under the Provisions of Regulation IX. of 1833.

*30th May.*

The leave of absence granted by the Officiating Judge of Agra to Puchouree Mookund Sing, Principal Sudder Ameen at that station, for four days, on his private affairs, is approved.

*1st June.*

The Honourable the Lieutenant Governor has been pleased to make the following appointments:

Pundit Pertaub Narain to officiate as Additional Principal Sudder Ameen at Mirzapore.

Mr. J. J. W. Taunton to be a Deputy Collector, for the purpose of preparing, investigating and determining, in the first instance, Cases under the Provisions of Regulation II. of 1819, and IX. of 1825, within the Districts of Benares, Juanpore, Mirzapore and Ghazeepore.


# SUMACHAR DURPUN.

SATURDAY, 18TH JUNE, 1836.


### *Explosion of the Magazine at Dum-Dum.*

ON Sunday evening, about 5 o'clock, the Powder Magazine at Dum-Dum, in which were deposited about one hundred barrels of powder, was struck by lightning and blown up, the concussion of the explosion causing considerable damage. One golundauze and two other natives were killed, and several had their arms broken and received severe bruises. A great number of gun carriages were smashed to atoms, the houses occupied by Captains Cartwright and Dallas and Dr. Mellis, were greatly injured, and the bricks from the Magazine, &c sent hissing through the air, to the distance of several hundred yards, in all directions. The Magazine was about 50 yards from the main guard, which received a tremendous shock, and part of a hall about eight feet in length, was completely blown off: the doors and windows of the adjacent dwellings were all broken to pieces, and the Artillery Mess House greatly damaged. A palankeen carriage, which was standing about sixty yards from the Magazine at the time of its destruction, had both of the horses knocked down and one of them killed; The doors were burst open and the inmates flung out, one of whom received a severe bruise on the cheek from a brick bat.

The Conjee House, which was immediately over the Magazine godowns, had all the doors burst open, and the prisoners were thus afforded free egress; but they were so terrified that they could hardly stir, and were found laying on the floor quite stupified and nearly insensible.

ঐ দুর্দ্দৈবেতে যে ক্ষতি হয় তাহা এইক্ষণে সকল জানিতে পারা যায় নাই কিন্তু বোধ হয় যে সকল প্রকাশ করা গেল বরং ইহাঅপেক্ষাও অধিক ক্ষতি হইয়া থাকিবে কিন্তু অতিসৌভাগ্যের বিষয় এই যে ঐ দুর্ঘটনা সপ্তাহের প্রথম দিবসেই হয় যেহেতুক মধ্যে কোন দিবসে হইলে গোলন্দাজেরদের শিক্ষাশালার কার্য্যে নিযুক্ত অনেক প্রাণিহানি হইত।

### পুরুষোত্তমে দাঙ্গা।

গত সপ্তাহের শেষে কলিকাতায় এমত সম্বাদ পঁহুছিয়াছে যে পুরী ও খোর্দ্দা ও তন্নিকটবর্ত্তি স্থানে অতিগোলমাল হইয়াছে এবং এমত জনরবও উত্থাপিত হইয়াছে যে খোর্দ্দার রাজা গুমসরের রাজবিদ্রোহিরদের সঙ্গে মিলিবার নিমিত্ত উদ্যোগী আছেন। এবং পুরীনিবাসি ইঙ্গলণ্ডীয়েরদের কটকে আশ্রয় লইতে হইল। পরে এমত রিপোর্ট হইয়াছিল যে ঊনবিংশ রেজিমেণ্ট সৈন্য কটকহইতে পুরীতে ও চতুর্ব্বিংশ রেজিমেণ্ট মেদিনীপুর হইতে কটকে যাত্রা করিয়াছে এবং গত সোমবারে দশম রেজিমেণ্ট সৈন্যেরদিগকে মেদিনীপুরে লইয়া যাওনার্থ দুই বাষ্পীয় জাহাজ ও তদাকৃষ্ট দুই জাহাজ চাণকে প্রেরিত হইয়াছিল কিন্তু এই হুকুম অন্যথা হইয়াছে।

### আফীন।

কলিকাতা শহরে হঠাৎ আফীনের মূল্য চড়তি হইয়াছে তাহার কারণ এই কথিত আছে যে এই বৎসরের ফসলে মালবাদেশীয় আফীনের তিন অংশের দুই অংশ মন্দ এমত দৃষ্ট হইতেছে।

### বজ্রপাত।

কলিকাতাস্থ এতদ্দেশীয় ভাবল্লোকের বাটীর মধ্যে অতিসুচারুনির্ম্মিত শ্রীযুত বাবু মতিলাল শীলের কলুটোলার পরম সুদৃশ্য বাটীতে গত রবিবার সায়ংকালে ছয় সাত ঘণ্টাসময়ে বজ্রপাত হইল। যে প্রকোষ্ঠহইতে ঐ বাবু প্রায় দশ মিনিটপূর্ব্বে উঠিয়া গিয়াছিলেন তাহাতে বজ্রাগ্নি প্রবেশ করিল কিন্তু কেবল ঐ প্রকোষ্ঠে বাবুর যে ছবি ছিল কেবল তাহার ফ্রেমখান নষ্ট হইল। তাহাতে এক ব্রাহ্মণ বড় বাঁচিয়াছেন যেহেতুক বজ্রপতনসময়েই ঐ ঘরের জানালা বদ্ধ করিতে তিনি প্রবিষ্ট হইয়াছিলেন।

### বাবু রাজচন্দ্র দাসের মৃত্যু।

স্বীয় ধন ও বদান্যতাতে অতিখ্যাত্যাপন্ন বাবু রাজচন্দ্র দাস গত সপ্তাহে হঠাৎ কলিকাতায় লোকান্তরগত হইয়াছেন। আমরা হরকরাপত্রহইতে তদ্বিষয়ক এক প্রস্তাব গ্রহণ করিলাম। তাহার অনুবাদ জ্ঞানান্বেষণপত্রহইতে নীত হইল চন্দ্রিকাতেও তাঁহার মৃত্যুবিষয়ক বার্ত্তা অতিবাহুল্যরূপে প্রকাশিত হইয়াছে কিন্তু তাহা এতদ্রূপে লিখিত হইয়াছে যে তদ্দ্বারা ৺প্রাপ্তব্যক্তির পরিজনের মনঃপীড়া জন্মিতে পারে। উক্ত বাবু স্বীয় ধনের দ্বারা কলিকাতা মহানগরের শোভা ও ধর্ম্মার্থ যেং কর্ম্ম করিয়াছেন তাহাতে কলিকাতাস্থ লোকেরদের মধ্যে তাঁহার নাম চিরস্মণীয় থাকিবে।

### রাজা বাবুর মৃত্যু।

রাজা বাবুর মৃত্যুবিষয়কবার্ত্তা চন্দ্রিকা পত্রে অতিপ্রশংস্যরূপে লিখিত হইয়াছে। ঐ বাবু হেষ্টিংস সাহেবের অতিপ্রসিদ্ধ দেওয়ান ৺প্রাপ্ত গঙ্গাগোবিন্দ সিংহের প্রপৌত্র ঐ গঙ্গাগোবিন্দ সিংহ অত্যল্প বৈতনিক হইয়াও সাহেবের আনু

At present the extent of mischief is unknown, but it is believed to be far greater than has been detailed. Providentially the accident did not occur on a weekly day, as had the Laboratory School been occupied, the loss of life must have been very considerable.—*Hurk.*

### *Disturbances at Pooree.*

Accounts were received in Calcutta towards the close of the last week of disturbances at Pooree, Khoorda, and its vicinity. It was even reported that the Rajah of Khoorda was about to make an effort to join the insurgents at Goomsur, and that the British residents at Pooree had been obliged to take refuge in Cuttack. The 19th Regiment was reported to have marched from Cuttack to Pooree; the 24th from Midnapore to Cuttack, and on Monday last two steamers and flats were sent up to Barrackpore to convey the 10th to Midnapore; but the order was countermanded.

### *Opium.*

There has been a sudden rise in the price of Opium, owing, it is said, to a discovery that two-thirds of the Malwa crop had turned out bad.

### *Lightning.*

That superb residence of Baboo Moteeloll Seel at Kolootola, perhaps the most tastefully built of any of the native houses in Calcutta, was struck by lightning on Sunday evening last, between the hours of six and seven. The electric fluid entered a small room, which the Baboo had left only about ten minutes before. The only damage sustained, however, was the destruction of the frame of the Baboo's portrait, which had recently been finished and put up. A bramhun had a hairbreadth escape, having entered the room for the purpose of shutting the windows at the very moment the lightning struck it.—*Hurk.*

### *Death of Baboo Rajchunder Dass.*

Baboo Rajchunder Dass, so well known for his great wealth and liberality, died almost suddenly last week in Calcutta. We have copied an article from the Hurkaru on the subject, of which we found a translation in the Gyannuneshun. The Chundrika has also a long article on his death, but it is written in a style likely to wound the feelings of the relatives of the deceased. He will long be remembered in Calcutta for the improvements which he made at his own expense.

### *Death of Raja Baboo.*

The Chundrika contains a very fulsome account of the death of Raja Baboo, the great grandson of the celebrated Gunga Govindu Sing, Mr. Hastings's banian, who under that gentleman's auspices though on the receipt of a contemp-

কূল্যে নানা উপায়ে ভারতবর্ষস্থ অতিধনাঢ্য ব্যক্তিরদের মধ্যে প্রধান হইলেন।

পূর্ব্বোক্ত ও শেষোক্ত উভয় বাবুই অনপত্যাবস্থায় ইহলোক ত্যাগ করিয়াছেন।

---

### ক্রুণ্টেণ্ডেন মেকিলপ কোম্পানি।

গত শনিবারে ইনশালবেণ্ট আদালতের বৈঠকে ক্রুটেণ্ডন মেকিলপ কোং ইষ্টেটহইতে প্রথম শতকরা ৫ টাকা ডেবিডেণ্ডদেওনবিষয়ক কথা প্রকাশিত হইয়া বর্ত্তমান মাসের ১৫ তারিখে তাহা দেওনার্থ হুকুম হইয়াছে।

---

### শ্রীযুত ডেবিড হের সাহেব।

কলিকাতা কুরিয়র সম্বাদপত্রে প্রকাশিত এক পত্রের দ্বারা বোধ হইতেছে যে কলিকাতা নগরস্থ এতদ্দেশীয় লোকের শিক্ষাবর্দ্ধক অথচ সর্ব্বহিতৈষি শ্রীযুত ডেবিড হের সাহেব ইঙ্গলণ্ড দেশে গমনোদ্যত হইয়াছেন।

---

### পশ্চিম অঞ্চলের মারীভয়।

মনুষ্যেরদের জ্ঞানগোচরে পশ্চিমাঞ্চলে বর্ত্তমান বৎসর যেমন পীড়াদায়ক হইয়াছে এমত প্রায় দৃষ্ট হয় নাই। ঐ অঞ্চলের সকল স্থানহইতেই কেবল প্রবলপীড়া জন্য দুঃখের সম্বাদব্যতীত অন্য কিছু শুনা যায় না। এ অঞ্চলেও প্রায় প্রত্যেক ঘরে পীড়িত আছে এবং এতদ্দেশীয় প্রায় বহুসংখ্যক লোক মারা পড়িতেছে। বারাণসী ও মীর্জাপুরে অত্যন্ত মারীভয় হইয়াছে। এবং কেবল বসন্তরোগের প্রাচুর্য্যে অনেক বালক বালিকা মরিতেছে অত্যন্ত জ্বরের প্রাদুর্ভাবেও সকলে সশঙ্কায় বিলাপ করিতেছে। চণ্ডালগড়হইতেও এক জন পত্রপ্রেরক তাদৃশ সম্বাদ প্রেরণ করিয়াছেন তিনি লেখেন যে এই অঞ্চলস্থ নদীসকল ভাসমান শবেতে সমাকীর্ণ হইয়াছে আরো জ্ঞাপন করেন যে গবর্ণমেণ্ট আধপোড়া শবসকল নদীতে ভাসিয়া দিতে তত্রস্থ লোকেরদিগকে নিষেধ করিবেন ঐ সকল শব প্রোথন করিতে কিম্বা ভস্মীকরণ করিতে বা দরিদ্রতাপ্রযুক্ত তদ্রূপ দাহকরণের ব্যয়ে অসমর্থ ব্যক্তিরদিগকে ভার বাঁধিয়া নদীতে ডুবাইয়াদিতে বলপূর্ব্বক স্বীকার করাইবেন।

---

### ডাকাইতী।

চব্বিশপরগনার বরিয়াস্থানে যে ডাকাইতী হইয়াছিল তদ্বিষয় আমরা কিয়ৎকাল হইল প্রকাশ করিয়াছিলাম। ঐ দস্যুরা ভিন্নজিলাবাসি হওয়াতে অদ্যাবধি ধরা পড়ে নাই। কিন্তু অবগত হওয়া গেল যে তত্রস্থ চৌকীদার কবুল করিয়াছে যে আমি ঐ দস্যুতার মধ্যে ছিলাম এবং অপহৃত দ্রব্যসকল ভাগ যোগ করিয়া আমার ভাগ নগদ টাকায় লইয়াছি।

---

### কুম্ভীরকর্ত্তৃক হত।

গত মঙ্গলবার সায়ংকালে কাশীপুরের ঘাটে অবগাহনসময়ে হিন্দু এক ব্যক্তিকে কুম্ভীরে লইয়া গেল। পরে তটহইতে কিঞ্চিদন্তরে ঐ কুম্ভীর ভাসিয়া উঠাতে ঐ অভাগাকেও দেখা গেল তাহাতে তটস্থ কএক জন ঐ ব্যক্তির সাহায্যার্থ সন্তরণপূর্ব্বক নিকটে গিয়া গোলমাল করাতে ঐ কুম্ভীর তাহাকে ছাড়িয়া দিল তৎপ্রযুক্ত ঐ ব্যক্তি একটা চড়াতে পড়িয়া থাকিল পরে কএক জন বালক তথায় গমনপূর্ব্বক তাহাকে তটে তুলিয়া দেখিল যে মরিয়াছে।

tible salary contrived to amass one of the most splendid fortunes in India.

Both these individuals have died without children.

---

*Cruttenden, Mackillop and Co.*

At an Insolvent Court held on Saturday last, the first dividend of 5 per cent. in the estate of Cruttenden, Mackillop and Co. was declared, and was ordered to be paid on the 15th instant.

---

*Mr. David Hare.*

We gather from a letter published in the Calcutta Courier, that Mr. David Hare, the philanthropic promoter of Native education in Calcutta, is about to take his departure for England.

---

*Sickness in the Western Provinces.*

The present has been one of the most sickly seasons within the memory of man. We have accounts from all parts of the country of the distress occasioned by the prevailing sickness. At Allahabad almost every family has suffered, and amongst the Natives, deaths have been very numerous. At Benares and at Mirzapore the mortality has been frightful, and the loss has been very great amongst children, chiefly from small pox. The general complaint is a dangerous fever. A correspondent from Chunar gives similar accounts of that station, and adds that the river is studded with dead bodies floating past. He suggests that Government should prevent the Natives from throwing in half-burnt bodies, and would compel them to bury or reduce their dead to ashes; or, where poverty would prevent the people from incurring the expense, he would compel them to sink the bodies in the stream with weights.—*Central Free Press.*

---

*Dacoity.*

We mentioned some time since, that a dacoity had occurred at Bourea in the twenty-four Pergunnas. The perpetrators of the outrage being residents of a different district, have not hitherto been detected; but we understand that the chowkeedar of that place has confessed to having been implicated in the robbery, and to having received his share of the plunder in cash. None of the stolen property has been recovered. —*Scott's Gaz.*

---

*Death by an Alligator.*

On Tuesday evening last, while a Hindoo was bathing in the river at Cossipore, an alligator seized him, and carried him away. When at some distance from the shore the animal rose, and his prey appeared a little above the water, which, some of the bystanders observing, swam to the poor man's assistance. The noise occasioned by their approach, induced the alligator to quit his victim, who was left on a sand bank, where some boys followed, and brought the body on shore; but life was quite extinct.—*Ibid.*

### জুয়াখেলা।

গত বুধবার রাত্রি নয় ঘণ্টাসময়ে চীনীয় বিংশতি জন ও আট জন বাঙ্গালি চীনাপাড়াতে জুয়া খেলিতেছিল তাহাতে শ্রীযুত মকান সাহেব কএক জন পোলিস সার্জণ্ট লইয়া অতিকষ্টে তাহারদিগকে গ্রেফ্তার করিলেন। কল্য তাহারা শ্রীযুত প্রধান মাজিস্ত্রেট সাহেবের সম্মুখে আনীত হইয়া বিচার হওয়াতে ঐ দলের পঁচিশ জনের প্রত্যেকে ৫ টাকা করিয়া জরীমানা হইল ঐ টাকা না দিতে পারিলে তাহারা ছয় সপ্তাহপর্য্যন্ত হরিণবাটীতে বদ্ধ থাকিবে। এবং ঐ দলস্থ অপর চীনীয় তিন ব্যক্তি যে ঘরে কয়েদ ছিল ঐ ঘরের স্বামির নাম যেপর্য্যন্ত না বলিবে সেপর্য্যন্ত প্রত্যেককে ১০০টাকার জামীন দিতে হইবে।

---

### যমুনাতে আড়কাটি।

লৌহময় বাষ্পীয় জাহাজের দ্বারা যমুনা নদীতে গমনাগমনার্থ আড়কাটি নিযুক্ত করিতে রাজ কর্ম্মকারদিগকে হুকুম দেওয়া গিয়াছে। এক জাহাজ জুলাই মাসের প্রথমেই আলাহাবাদহইতে আগ্রাতে যাইবে। আড়কাটির আড্ডা ঐ নদীতে বার বা পনর ক্রোশ অন্তরং স্থাপিত হইবে। বর্ষাকালে ঐ নদীতে প্রচুর জল থাকনসময়ে গমনাগমনের কোন ক্লেশ হয় না গ্রীষ্মকালে জলের ন্যূনতাপ্রযুক্ত বাষ্পীয় জাহাজ গমনের কিঞ্চিৎ বাধা জন্মে যেহেতুক যমুনার মধ্যে অনেক অজ্ঞাত বৃহৎ২ প্রস্তর থাকে তাহাতে যাতায়াতে অতিশঙ্কা জন্মে। গত গ্রীষ্মঋতুতে সর চার্লস মেটকাফনামক বাষ্পীয় জাহাজের দ্বারা আগ্রাতে গমনার্থ উদ্যোগ হইয়া ঐ জাহাজ পথের তিন অংশের দুই অংশপর্য্যন্ত গিয়াছিল কিন্তু যমুনা ও চম্বল নদীর সঙ্গমস্থানে বালুকা রাশিহওয়াপ্রযুক্ত প্রচুর জলাভাবে সুতরাং জাহাজের ফিরে আসিতে হইল।

---

### জয়পুরের ব্যাপার।

অন্য এক পত্র সম্পাদকের পত্রদ্বরা অবগত হওয়া গেল যে প্রায় তিনি সপ্তাহ হইল জয়পুরে যোধারামের বিচার করিতে হুকুম দেওয়া গিয়াছে এবং ঐ মোকদ্দমাতে নিয়মিত আদালতে অতিপ্রকাশরূপে নির্ব্বাহ করা যাইবে কিন্তু কোন বিশেষ কমিস্যনকর্ত্তৃক বিচারিত না হইয়া সামান্য আদালতে বিচারিত হইবে। তাঁহার নামে যে নালিস হয় তাহা কোন এক জন ব্রিটিস কর্ম্মকারক লিখিয়া প্রস্তুত করিবেন। এবং শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবকে এই ভার দেওয়া গিয়াছে যে গবর্ণমেণ্টের পক্ষে বিচার স্থলে এক জন যে কর্ম্মকারক সাহেব থাকিবেন। তাহাতে শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহব এক জন দৃষ্টকর্ম্মা কর্ম্মকারক অথচ যিনি জয়পুরের ঐ ব্যপারে লিপ্ত নহেন এমন ব্যক্তিকে মনোনীত করিতে নিশ্চয় করিয়া নীমচে ব্রিটিস রেসিডেণ্ট শ্রীযুত কর্ণল স্পিয়র্স সাহেবকে নিযুক্ত করিয়াছেন এবং তিনি যথাসাধ্য শীঘ্র ঐ মোকদ্দমা সম্পন্ন করিতে হুকুম দেওয়া গিয়াছে অতএব ইহার পূর্ব্বেই ঐ মোকদ্দমা আরম্ভ হইয়া থাকিবে এমত বোধ হয় না।

---

### মেয়ারওয়ারা।

এই জিলার মধ্যে সংপ্রতি গঙ্গাপুর নামে গ্রামে এক দল দস্যু দস্যুতা করিয়া মেয়ারওয়ারা জিলাদিয়া স্বস্থানে যাইতেছিল ইতিমধ্যে কোম্পানির এক দল চাপড়াশি চতুর্দ্দিকস্থ গ্রাম্য লোকেরদের সাহা

*Gambling.*

At 9 o'clock on last Wednesday night, a gang of twenty Chinamen and eight natives whilst gambling in Chinaparra, were apprehended by the Police Constables headed by Mr. Macan, after a great deal of difficulty. Yesterday they were brought up before the Chief Magistrate, and the case having been gone into, the party consisting of five and twenty were fined five rupees each, and in default of payment they are to be sent to the house of correction for a term of six weeks. Three others (Chinamen) of the gang to give security of 100 Rs. each until they disclose the name of the proprietor of the house in which they were apprehended.—*Ibid.*

---

*Pilots on the Jumna.*

Orders have been received by the Authorities to entertain pilots for the navigation of the Jumna by the iron steam boats; one of which will proceed from Allahabad for Agra about the beginning of July. The pilot stations are to be placed on the river at the distance of twenty-five or thirty miles apart. There will be no difficulty in navigating this river during the rains when there is a sufficient depth of water. It is during the hot months when the river is low that there is any obstacle to the progress of steam vessels. The Jumna is full of concealed rocks, which render the navigation dangerous. An endeavour was made during the last hot season to proceed to Agra by the *Sir Charles Metcalfe* steamer, and she proceeded about two-thirds of the distance, but at the junction of the Chumbul with the Jumna, owing to the accumulation of sand, a sufficient depth of water was not found, and the vessel was obliged to return.

---

*The Jeypore Affair.*

We learn from one of our contemporaries, that orders were issued three weeks ago for the trial of Jotharam at Jeypore, and that the case will be conducted in the most open manner through the regular tribunals, and not by a special commission. The charges against him will be prepared by a British Officer. To Sir Charles Metcalfe it was left to select the officer who, on the part of Government, should be present at the trial. Sir Charles was determined to select an officer of experience who was not mixed up with the affairs of Jeypore, and he has accordingly appointed Col. Speirs, the British Resident at Neemuch. Orders have been issued to carry the trial through as speedily as possible; and it is probable that it has ere this begun.

---

*Mewar.*

Gungapore, a village in this district, was recently plundered by a large gang of robbers, who were met in their retreat through the Mhairwarrah district by a body of the Company's chuprassees assisted by the inhabitants of the surround-

যো সম্মুখে পড়িয়া দস্যুরদের ৪ জনকে হত ও ৩২ জনকে ধৃত করিয়া আনে। ধৃত ব্যক্তিরদের যে এক জন আঘাতে মরে তদ্ব্যতিরেকে সকলকে বেওয়ারার জেলে বদ্ধ করা গিয়াছে। হত ব্যক্তিরদের মধ্যে অতিপ্রসিদ্ধ এক জন সরদার ছিল সে মারা পড়াতে এইক্ষণে দস্যুতাহইতে কোম্পানির রাজ্যস্থ লোকসকল বাঁচিল।

ফ্রাৎ নদীতে বাষ্পীয় জাহাজ।

অনেককালের পর এইক্ষণে ভরসা হইতেছে যে শ্রীযুত কর্ণল চেসনি সাহেব বাষ্পীয় জাহাজদ্বারা ফ্রাৎ নদীদিয়া আগমনের যে উদ্যোগ করিতেছেন তাহা শীঘ্র সম্পন্ন হইবে। পারসের খালহইতে ১৮৩৬ সালের ১৪ মে তারিখের আগত পত্রে লেখে বছরাহইতে যে সম্বাদ পঁহুছে সে এই যে বাষ্পীয় জাহাজারোহণে বর্ত্তমান মাসের ২১ তারিখে শ্রীযুত কর্ণল চেসনি সাহেবের পঁহুছনসম্ভাবনা আছে। বছরার প্রায় ৪৫ ক্রোশ উজানে তাঁহার আগমনের কিঞ্চিদ্ব্যাঘাত জন্মিয়াছিল তাহার কোন প্রতিকার না করিলে আসিতে পারিবেন না। ইত্যবসরে ঐ নদীর ইতস্ততঃ পূর্ব্বাপেক্ষা অধিক তত্ত্বাবধারণার্থ প্রবৃত্ত হইয়াছেন। অপর এক পত্রে লেখে যে ঐ মাসের ২৫ তারিখে তাঁহার উত্তরণসম্ভাবনা আছে।

মতিচান্দআমিচান্দ জাহাজ।

৯ লক্ষ টাকার আফীন বোঝাই মতিচান্দআমিচান্দনামক যে জাহাজ বোম্বাইতে ক্রোক্ হইয়াছিল তদ্বিষয়কবার্ত্তা বোম্বাই কুরিয়রপত্রের দ্বারা অবগত হওয়া গেল যে ঐ জাহাজ ও তাবৎ মাল খালাস করিয়া মালিক ব্যক্তিকে ফিরিয়া দিতে গবর্ণমেণ্ট হুকুম দিয়াছেন।

ইউরোপহইতে শেষাগত সম্বাদ।

হিউলিঞ্জি বাষ্পীয় জাহাজ বোম্বাইতে পঁহুছনেতে ইঙ্গলণ্ডহইতে অত্যল্প দিবস অর্থাৎ গত ২ আপ্রিল তারিখপর্য্যন্তের সম্বাদ পাওয়া গিয়াছে।

হিউলিঞ্জি জাহাজের দ্বারা আগত সম্বাদ ৫৮ দিবসের মধ্যে লণ্ডননগরহইতে বোম্বাইতে পঁহুছিয়াছে।

আমারদের ভরসা ছিল যে শ্রীযুত সর ফ্রেদৃক আদম সাহেব মান্দ্রাজের গবর্নরী পদে ইস্তফা দেওয়াতে শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব তৎপদে নিযুক্ত হইবেন কিন্তু এইক্ষণে অবগত হওয়া গেল যে শ্রীযুত লার্ড এলফিনষ্টন সাহেবকে ঐ পদ প্রদত্ত হইয়াছে।

শ্রীযুত লার্ড এলফিনষ্টন সাহেব অতি যুব ঊনত্রিংশবর্ষের অধিকবয়স্ক নহেন। সাহেব কখন কোন রাজকর্ম্মে নিযুক্ত হন নাই। কএক বৎসরপর্য্যন্ত যে শ্রীযুত আনরবল মৌণ্ট ষ্টুয়ার্ট এলফিনষ্টন সাহেব বোম্বাইর গবর্নর্ ছিলেন এই যুব সাহেব তাঁহার ভ্রাতৃপুত্র। কথিত আছে যে শ্রীলশ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা ঐ পদে শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবকে নিযুক্তকরণার্থ অনেক চেষ্টা পাইয়াছিলেন কিন্তু কৃতকার্য্য হইতে পারিলেন না।

অবগত হওয়া গেল ৺ রামমোহন রায়ের পুত্রের সিবিলসম্পর্কীয় কর্ম্মে নিযুক্ত হওনবিষয়ে শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা অনেক আপত্তি করিয়াছেন এবং বোর্ড অফ কন্ট্রোলের শ্রীযুত সভাপতি সাহেব ঐ পদে তাঁহাকে নিযুক্ত করিয়া তাহা অন্যথা করিতে অস্বীকৃত হওয়াতে ঐ বিষয় পার্লিমেণ্টে বিবেচনার্থ অর্পিত হইয়াছে।

ing villages, who killed four of them on the spot and took thirty-two prisoners, all of whom with the exception of one who died of his wounds, were lodged in the Bewar Jail. Among the killed was a leader of some note, whose death will have its effect in protecting the Company's territories from the irruptions of these plunderers.—*Agra Ukh.*

*Steam on the Euphrates.*

At length there is a prospect that Col. Chesney's Steam expedition on the Euphrates will speedily terminate its labours. A letter from the Gulph, dated the 14th May, 1836, says, "Our accounts from Bussorah are, that Col. Chesney, with his steamers, was expected there on the 21st instant. He had met with some little obstacles in the river, about 90 miles above Bussorah, which were to be overcome before he could proceed. In the meanwhile, he is engaged in making a more accurate survey of the river in the neighbourhood." Another letter states, that he was expected there on the 25th of the month.

*The Mooteechund Ameechund.*

In reference to the seizure of the *Mooteechund Ameechund* at Bombay, with 9 lakhs of Rupees worth of opium on board, we now learn from the Bombay Courier, that an order from the Government of Bombay was received towards the end of last month, restoring the vessel and her cargo to the owner.

*Very late European Intelligence.*

By the arrival of the *Hugh Lindsay* Steamer at Bombay, intelligence has been received from England of so late a date as the 2d of April last.

The news brought by the *Hugh Lindsay*, reached Bombay from London in fifty-eight days.

We were in hopes that Sir Charles Metcalfe would have been appointed Governor of Madras on the retirement of Sir Frederick Adam, but we now learn that the appointment has been given to Lord Elphinstone.

Lord Elphinstone is a very young man, not more than twenty-nine years of age, and has never been employed in political affairs. He is the nephew of the Honourable Mountstuart Elphinstone, who was for several years Governor of Bombay. It is said that the Court of Directors, strove very hard to secure the appointment for Sir Charles Metcalfe, but were unable to succeed.

We learn that the Court of Directors have objected to the appointment of Ram Mohun Roy's son as a Writer, and as the President of the Board of Control refuses to retract the nomination, the matter is to be referred to the consideration of Parliament.

শ্রীযুত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক সাহেব ২২ ফেব্রুআরি তারিখে রীতিমত শপথ করণপূর্ব্বক হৌস অফ কমন্সে গ্লাসগো নগরীয়েরদের প্রতিনিধি পদ ধারণ করিলেন। শ্রীযুত বকিংহেম সাহেবকে ভারতবর্ষহইতে বলপূর্ব্বক তাড়িয়া দেওয়াতে তাঁহার ক্ষতি পোষাইয়া দেওনের যে দাওয়া ছিল তদানুকূল্যার্থ ঐ নগরীয় দরখাস্ত তৎপরদিবসে তিনি ঐ সভাতে অর্পণ করিলেন কিন্তু তাঁহার বিরুদ্ধপক্ষীয় ৪৪ জন অধিক হওয়াতে ঐ দরখাস্ত গ্রাহ্য হইল না। অবগত হওয়া গেল যে হৌস অফ কমন্সে ঐ দরখাস্ত হেয় হওয়াতে সিফিল্ড ও অন্যান্যস্থানীয় সাধারণ লোকেরা চাঁদায় স্বাক্ষর করিয়া তাঁহার ঐ ক্ষতি পোষাইয়া দেওনার্থ উদ্যত হইয়াছেন।

দৃষ্ট হইতেছে যে ফেব্রুআরি মাসের শেষে কোম্পানি বাহাদুরের রেশম নীলামের অত্যুত্তম রেশম পূর্ব্বনীলাম অপেক্ষা শতকরা ২৫ টাকা অধিক মূল্যে বিক্রয় হইয়াছে এবং মোটা রেশমের মূল্য শতকরা ৭ অবধি ১৫ টাকাপর্য্যন্ত চড়তি হইয়াছে।

ইঙ্গলণ্ডহইতে ১ আপ্রিল তারিখের বাণিজ্যসম্পৃক্ত আগত পত্রে লেখে যে রেশম ও রেশমীকাপড় এতদ্দেশহইতে গত বৎসরে ইঙ্গলণ্ডে যত রফ্তু হইয়াছিল তাহা অত্যুচ্চ মূল্যে বিক্রয় হইয়াছে এবং সামান্যতঃ ভারতবর্ষহইতে যে২ দ্রব্য প্রেরিত হয় তাহাতেও বিলক্ষণ লাভ হইয়াছে। সাধারণ পত্রের দ্বারা অবগত হওয়া গেল যে নীল সুমূল্যে বিক্রয় হইতেছে।

দুই শত অশ্বের বলধারি বৃহৎ এক বাষ্পীয় জাহাজ স্কটলণ্ড দেশে নির্ম্মিত হইয়াছে তাহা এতদ্দেশীয় নদীতে আকর্ষকতা কর্ম্মে নিযুক্তহওনার্থ অগৌণেই কলিকাতাতে প্রেরিত হইবে কথিত আছে যে ঐ জাহাজে পঁচিশ দিবসের খরচোপযুক্ত কয়লা এককালে আসিতে পারে।

নীলের মূল্য ৬ অবধি ৯ পেন্সপর্য্যন্ত চড়তি হইয়াছে এবং বিক্রয়ও অধিক হইতেছে।

অযোধ্যার রাজার উকীল শ্রীযুত ফিলিপ ফ্রিল সাহেব এবং ঐ ওকালতীসম্পর্কীয় শ্রীযুত মৌলবী মহম্মদ হুসেন খাঁকে শ্রীযুত সর জন হবহৌস সাহেব ইঙ্গলণ্ডের শ্রীলশ্রীযুত বাদশাহের সঙ্গে সাক্ষাৎ করাইয়াছেন।

ঔরেষ্টিসনামক যে জাহাজ এই বাষ্পীয় জাহাজের পূর্ব্বে ইঙ্গলণ্ডহইতে প্রস্থিত হইয়া শেষে পঁহুছে তদ্দ্বারা অবগত হওয়া গিয়াছিল যে ফ্রান্সীয়েরা আমেরিকীয় গবর্ণমেণ্টের যে কোটি টাকা ধারেন তাহা তাঁহারা পারিস নগরে ব্রিটিস উকীলের হস্তে অর্পণ করিয়াছেন। সংপ্রতি আগত জাহাজের দ্বারা অবগত হওয়া গেল যে আমেরিকীয় ও ফ্রান্সীয়েরা উভয়ই এতদ্বিষয়ে ইঙ্গলণ্ডীয়েরদিগকে সালিস মানিতে সম্মত হইয়াছেন অতএব কৌশলপূর্ব্বকই ঐ বিষয়ের নিষ্পত্তি হইবে এবং তাহাতে উভয় দেশীয়েরদের মধ্যে সন্ধি থাকিবে কোন সন্দেহ নাই।

ভারতবর্ষ ও চীনদেশের বাণিজ্যবিষয়ক পার্লিমেণ্টে যে সকল প্রস্তাব হইবে তাহার তত্ত্বাবধারণকরণার্থ লণ্ডন নগরে এক সমাজ স্থাপিত হইয়াছে।

প্রুসিয়ার বাদশাহ অতিদারুণ রোগগ্রস্ত বোধ হয় তিনি উন্মত্ত হইয়াছেন।

ফেব্রুআরি মাসের মধ্যে ফ্রান্সীয় মন্ত্রী কর্ম্মে ইস্তফা দিয়াছেন। এইক্ষণে দৃষ্ট হইতেছে মার্চ মাসের মধ্যসময়ে নূতন মন্ত্রিগণ নিযুক্ত হইয়াছেন তন্মধ্যে শ্রীযুত থিয়র্স সাহেব প্রধান মন্ত্রী হইয়াছেন।

Lord William Bentinck took the oaths and his seat in the House of Commons on the 22d of February. On the next day he presented a petition from Glasgow in favour of Mr. Buckingham's claims for compensation of his losses when he was forcibly expelled from India; but the bill was thrown out, there being a majority of 44 against him. We learn that in consequence of this determination of the House of Commons, subscriptions were opened at Sheffield and other places by private individuals to indemnify him.

At the close of February, at the East India Company's sale of silk, the finer sorts sold 25 per cent. in advance on the last sale, and the coarse from 7 to 15 per cent. advance.

Commercial letters from England dated early in April state, that the last year's shipments from this country of silk and silk piece goods had sold very profitably, and that in general the goods sent from India had paid handsomely. The private reports regarding indigo are also very highly favourable.

A very large Steamer of 200 horse power has been built in Scotland and will be sent out immediately to Calcutta to be employed as a tug on this river. It is said that she is able to carry coal equal to the consumption of twenty-five days.

Indigo was up from 6*d*. to 9*d*. above the last prices, and in very good demand.

Mr. Philip Friel, Embassador from the King of Oude, and Mouluvee Mahomed Ismael Khan, who was attached to the Mission had been presented to His Majesty the King of England by Sir John Hobhouse.

By the *Orestes*, which was the last arrival from England before the steamer, we learned that the French Government had paid into the hands of the British Embassador of Paris, the crore of Rupees which they owe to America. By the present arrival we learn that America and France have both agreed to accept the mediation of England in this affair, and there cannot be a shadow of doubt that the matter will be amicably settled and that peace will be maintained between the two countries.

A Society has been formed in London to watch over all measures which may be proposed in Parliament regarding the India and China trade.

The King of Prussia was dangerously ill, and was supposed to be insane.

Some time in February the French Ministry threw up their appointments. We find that about the middle of March a new ministry was formed of which Monsr. Thiers was at the head.

হউক কিম্বা তাঁহার জমাদার বরকন্দাজ সাহেবেরদের স্ব২ ইষ্টসিদ্ধ না হওয়াতেই বা হউক প্রার্থনাপত্র হজুরে দাখিল হওনের নানা ব্যাঘাত য়হ। কোন কৌশলক্রমে সপ্তাহিক পরিশ্রমের দ্বারা তাহারদিগের প্রার্থনাপত্র হজুরে দাখিলকরণের ক্ষমতা হইলে ঐ প্রার্থনাপত্র প্রায়ই কর্ম্মকর্ত্তার দৃষ্টিপাত হইবামাত্রই বিসর্জন করিলেন তন্মধ্যে যাহার প্রতি দয়া প্রকাশ হইল তাহার প্রার্থনাপত্র তথাকার অনেক কর্ম্মকারকের নিকট সমর্প্ণ করিলেন তিনি আপন অভিপ্রায়মত দুই এক পত্রব্যতীত অন্যান্য দরখাস্ত কি করিলেন তাহা আমি কহিতে পারি না। যাহা হউক ঐ প্রার্থনাকারকেরদের মধ্যে যে কোন বিষয়াপন্ন ব্যক্তি অন্যান্য ভূরি২ ভদ্র সাহেবলোকের অনুরোধ পত্র দিলেক তাহারদিগকেই কর্ম্ম দিলেন। দীন হীন নিরপরাধি কর্ম্মকারকেরা নিরাশিত হইল তদ্‌ভিন্ন আপীসমেষ্টর মহাশয়েরা অনুগত ব্যক্তিরদিগের প্রতি নিয়ত চেষ্টিত হইয়া অভিলাষ পূর্ণ করিবেন। যাহা হউক সম্পাদক মহাশয় বিবেচনা করুন যে সকল ব্যক্তিরা উপস্থিত কর্ম্ম প্রাপ্ত হইলেন তাঁহারা কেবল অনুরোধপত্রের দ্বারা নিযুক্ত হইলেন অতএব এ কিরূপ সূক্ষ্ম বিচার দৃষ্টি করুন। আমারদিগের মফঃসলে কোন রাজকীয় দপ্তরখানায় যে কোন বিষয়ঘটিত হউক না কেন দরখাস্ত করিলেই তাহার যথার্থ উত্তর প্রাপ্ত হওয়া যায় এবং ঐ দরখাস্ত মিছিলের শামিল থাকে। এস্থানে প্রার্থনাকারকেরা কোন ক্রমে জানিতে পারেন না যে কি কারণে আমার প্রার্থনা গ্রাহ্য কি অগ্রাহ্য হইল বিশেষতঃ এতদ্বিষয়ের নিমিত্তে বিশেষ হুকুম হইয়াছে। যাহা হউক মহাশয় এবং অন্যান্য ইঙ্গরেজী পত্রসম্পাদক মহাশয়েরা এতল্লিপি প্রকাশ করিলে পরে আর২ লিখিব অলমিত বিস্তরেণ।

কস্যচিৎ মফঃসল নিবাসিনঃ।

---

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

বিনয়পূর্ব্বকাবেদনমেতৎ। গত ২০ কার্ত্তিকীয় পূর্ণচন্দ্রোদয়ে উল্লেখিত মহাশয়ের ২৯ রোজের দর্পণে অনুষ্ঠান পত্র বিস্তারিতরূপে প্রতিবিম্বিত সত্যবাদীনামক„ যে এক নূতন সপ্তাহিক সম্বাদ পত্র ইঙ্গলণ্ডীয় ও গৌড়ীয় ভাষায় অনুবাদিত হইয়া এক তঙ্কা মূল্যে প্রতি সোমবারে সমাচার দর্পণের ন্যায় দুই তক্তা কাগজ প্রকাশিত হইবেক এমত কল্পনা ছিল। কিন্তু এপর্য্যন্ত তাহার কিছুই উদ্‌যোগ দেখিতেছি না এবং তৎপত্রের সম্পাদক কে তাহাওবিশেষরূপে জ্ঞাত নহি যদিস্যাৎ মহাশয় এবিষয়ের কিছু তথ্যানুসন্ধান জ্ঞাত থাকেন তবে অনুগ্রহপূর্ব্বক দর্পণদ্বারা জ্ঞাপন করিলে অস্মদাদির সন্দেহ ভঞ্জন হইবেক অথবা উক্ত সম্পাদক মহাশয় এ তৎপত্র প্রকাশিত দৃষ্টে বিশেষ বিবরণ জ্ঞাপন করিতে পারেন এবং শ্রীযুত চন্দ্রিকা ও পূর্ণচন্দ্রোদয় সম্পাদক মহাশয়েরা এই লিপিটুকি স্ব২ পত্রে অর্পণপূর্ব্বক বাধিত করিতে আজ্ঞা হইবেক ইতি।

জিলা হুগলীস্থ কস্যচিৎ দর্পণ
ও পূর্ণচন্দ্রোদয়পাঠকস্য।

---

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

কিয়দ্দিবস পূর্ব্বে এতদ্দেশীয় বৈদ্যক পাঠশালায় যে উপদেশ শ্রীযুত ডাক্তর ব্রেমলি সাহেব কর্ত্তৃক বক্তৃতা হইয়াছিল তৎকালে উপস্থিত থাকিয়া তাহার কিয়ৎ২ শ্রুত হইয়া ইঙ্গলণ্ডীয় বৈদ্যক বিদ্যার প্রতি ধন্যবাদ করিয়াছিলাম যেহেতু পূর্ব্বোক্ত সাহেব চিকিৎসা বিষয়ে যে সকল আশ্চর্য্য ব্যাপার ও শারীরিক পীড়াও মনুষ্যযন্ত্র সচল বিচলহওনের কারণ যাহা ব্যক্ত করিয়াছেন বাঙ্গালি বৈদ্যেরা তাহার কিছু মাত্র অনুভূত নহেন। অধুনা এক পক্ষ গতহইল সংবাদ পূর্ণচন্দ্রোদয়ে প্রকাশিত তৎসম্পাদকের বক্তব্য পাঠানন্তর জ্ঞাত হইলাম যে ঐ উপদেশ শ্রীযুত উদয়চন্দ্র আঢ্যকর্ত্তৃক বাঙ্গলা ভাষার অনুবাদিত হইয়া পূর্ণচন্দ্রোদয় যন্ত্রে মুদ্রাঙ্কিত হওনান্তর বিতরণার্থ এবং শ্রীযুত ষ্টকিউলর সাহেবের আনুকূল্যে মুদ্রিত হইয়াছে তদ্দৃষ্টে হর্ষচিত্তে শ্রীযুত ইঙ্গলিসমেন সম্পাদকের নিকটহইতে এক পুস্তক আনাইয়া পাঠ করত দেখিলাম। তাহাতে প্রথমত অনুবাদক

but either because an order had been issued that they should not be brought before him, or because his burkundauzes did not present them because their desires had not been satisfied, the greatest delay has taken place. The petition of some was presented, after several days strenuous efforts, but as soon as he cast his eyes on it he threw it aside. The petition of those whom he intended to favour he handed over to another person present, and what he has done with all the petitions except it be one or two, we are unable to say. Be that as it may; those only who brought recommendations from other gentlemen were employed: the poor persons who had without blame being attached to them, lost their employment, were left without hope, whilst others were chosen merely to gratify the friends of those who had the bestowment of the appointments. Be that as it may; Mr. Editor consider, all those persons who have been appointed to their situations have been so merely on the strength of recommendations. Is this just judgment? When a petition on any subject is presented to any Court in the Mofussil, an answer is received, and the petition is preserved in the records of the Office. But here we never can tell whether our petition is accepted or rejected. Be that as it may; if you and the other English Editors, would kindly publish these few lines, we may afterwards furnish further particulars.

*Certain Residents in the Mofussil.*

---

*To the Editor of the Durpun.*

Receive my salutations. On the 20th of last Kartik in the Purnochundrodoy, and on the 21st of that month in the Durpun, it was announced that a new weekly paper called "The Speaker of Truth," would be published in English and Bengalee like the Durpun, in two sheets of excellent paper, price one Rupee monthly. But up to this time we have seen nothing of it, nor are we aware who the Editor of this promised paper may be. If you, Mr. Editor, know any thing on the subject, and would kindly inform us through your Durpun, our doubts would be removed. Or if the Editor himself cast his eyes on this he can inform us particularly about his undertaking. If the Chundrika and the Purnochundrodoy would kindly publish these few lines we should be greatly obliged.

*Certain Readers of the Durpun and Purnochundrodoy residing in Hooghly.*

---

*To the Editor of the Durpun.*

A short time ago Dr. Bramley delivered a Lecture in the New Medical College. Being present on that occasion, and hearing something of European Medical Science, I could not but award this gentleman his mead of praise, for the information he communicated respecting the nature and causes of disease, and the wonders he revealed respecting their treatment and cure, nothing of which is to be found among Bengalee doctors. About a fortnight after I learned from the Purnochundrodoy that the Editor had translated it into Bengalee and published it at his press for gratuitous distribution; and that it was also published at the Englishman press. I therefore hastened to obtain a copy. My first thanks are due to the Baboo who translated this lecture; because

বাবুকে প্রশংসা করিলাম যেহেতু হিন্দু বাবুরা এইরূপ জ্ঞানাকর্ষণীয় ব্যাপারে সদা রত থাকিলে বঙ্গদেশীয়দিগের ভবষ্যৎ শুভ বটে দ্বিতীয়তঃ এতাদৃশ ব্যাপার যদ্যপি বঙ্গদেশীয়দিগের গোচর হইতে পারে তাহাতে লোকেরা হাতড়িয়া চিকিৎসকের চিকিৎসা ফল ঘৃণা করিবেন তজ্জন্য নবস্থাপিত পাঠশালার গুণের প্রতি বাঙ্গালিদিগের প্রতীতি জন্মিবেক। অতএব এতাদৃশ প্রয়োজনীয় ব্যাপার বাঙ্গালিদিগের নয়নাগ্রে উপস্থিতকারি ব্যক্তির প্রতি সম্ভ্রমপূর্ব্বক লিপি সাঙ্গ না করিয়া দেশস্থ লোকেরদিগের প্রতি নিবেদন করিতেছি যে কথিত পুস্তকমধ্যে বৈদ্যক বিদ্যার কি আশ্চর্য্য গুণ প্রকাশ আছে তাহা দর্শন করেন কিমধিকং ইতি।

জৈ্যষ্ঠস্য নবিংশ দিবসীয়া লিপিঃ।

কস্যচিৎ এতদ্দেশিনঃ।

---

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

আপনি অনুগ্রহপূর্ব্বক এই কএক পংক্তি সংশোধন করিয়া আগামি দর্পণৈকপ্রান্তে অর্পণ করিলে আমি অত্যন্ত বাধিত হই। ১৮৩১ সালের ৬ আইনক্রমে যে সকল দেওয়ানীকর্ম্ম এইক্ষণে এতদ্দেশীয় লোকেরদিগকে দেওয়া যাইতেছে তাহাতে সর্ব্বসাধারণ লোকের অত্যন্ত সম্ভ্রম ও উপকার হইতেছে। ইহাতে পূর্ব্বকার গবর্নর জেনরল বাহাদুর শ্রীলশ্রীযুক্ত লার্ড উলিয়ম বেন্টীঙ্ক সাহেবের নিকটে আমরা অত্যন্ত কৃতজ্ঞতা স্বীকারপূর্ব্বক চিরকাল তাঁহার মঙ্গল প্রার্থনা করিতেছি। বিশেষতঃ জিলা যশোহর এলাকার মধ্যে শালিকা থিন্নিদহা ও নওয়াবাদের মুনসেফেরা শ্রীযুত তামস সাহেব ও শ্রীযুত বাবু হরচন্দ্র রায় ও শ্রীযুত বাবু তারকচন্দ্র ঘোষ তত্তৎকর্ম্মে নিযুক্ত হইয়া স্ব২ সুশীলতার কার্য্যের দ্বারা ফরিয়াদী ও আসামীরদের অনেক দুঃখোপশম করিয়াছেন এবং ঐস্থানীয় তাবল্লোকই বোধ করেন যে এই সকল মহাশয়েরদিগকে নিযুক্তকরণ আমারদের পরম সৌভাগ্যেই হইয়াছে। অতিসূক্ষ্মানুসন্ধানের পর আমরা নিতান্তই কহিতে পারি যে এতদ্দেশীয় এই বিচারকর্ত্তারদের ফয়সলা অতিপ্রশংস্য হইয়াছে। ভূমি ও অন্যান্য অতিগুরুতরবিষয়ক যে সকল মোকদ্দমা বহুকালাবধি বিবাদী ছিল তাহা তাঁহারদের নিকটে উপস্থিত করা গিয়াছে তাহাতে অতিযথার্থ অথচ অতিশীঘ্র নিয়মক্রমে ঐ সকল বিবাদ এতদ্রূপে ভঞ্জন করিয়াছেন যে ফরিয়াদী আসামী অন্যায় নাহওয়াতে তুষ্ট আছে কিন্তু শেষোক্ত মুনসেফের এক জ্যেষ্ঠ ভ্রাতা জিলার প্রধান সদর আমীন অতএব আমরা অতিবিজ্ঞবর শ্রীযুক্ত জজ সাহেবের নিকটে এই পরামর্শ জ্ঞাপন করিতেছি যে উক্ত মুনসেফের ফয়সলার যে আপীল হয় তাহা ঐ আদালতের অন্য কোন কর্ম্মকারকের নিকটে বিবেচনার্থ অর্পণ হয় তাঁহার ঐ ভ্রাতার নিকটে অর্পিত না হয় তাহা হইলে ঐ আদালতের ফরিয়াদীর পক্ষে ও মুনসেফের ফয়সলার পক্ষে যথার্থ বোধ হয় কিন্তু এই পত্র সম্পন্নকরণের পূর্ব্বেই প্রথমোক্ত মুনসেফ অর্থাৎ তামস সাহেবের ছোট বড় সাধারণ মোকদ্দমাতে যে বিশেষ মনোযোগ আছে তাহাতে আমরা বাধ্যতা স্বীকার করি। যদ্যপি ইঙ্গরেজী সম্বাদপত্রসম্পাদক মহাশয়েরা এই কএক পঁক্তি স্ব২ পত্রে প্রকাশ করেন তবে পরম বাধ্য হই।

কেষাঞ্চিৎ যথার্থবাদিনাং।

---

কোম্পানির কাগজ।

| | | | |
|---|---|---|---|
| ৬ টাকা সুদের লোন | ১৭ | ১৮ | প্রিমিয়ম |
| পুরাতন ৫ টাকার লোন | | | |
| ১ ক্লাস | ৸৹ | ॥৹ | ঐ |
| ২ ক্লাস | ১ | ৸৹ | ঐ |
| ৩ ক্লাস | ১৷৹ | ১৸৹ | ঐ |
| মধ্যম ৫ টাকার লোন | ৹ | ৹ | ঐ |
| নূতন ৫ টাকার লোন | ১৸৹ | ২ | ঐ |
| ৪ টাকার লোন | ১৸৹ | ২ | ঐ |

বেঙ্ক সের।

| | | |
|---|---|---|
| বঙ্গাল বেঙ্ক | ৬০০০—৬২০০ | প্রিমিয়ম |

if our countrymen in this manner search after knowledge, happy days are in reserve for the inhabitants of Bengal. In the second place if the knowledge therein contained were circulated through the country, they would soon abandon their present unskilful quacks, and this new medical institution would rise in repute. On this account we respectfully beg our countrymen to read the wonders of the medical art as now first revealed to them in this excellent work.

*Certain Natives of the Country.*

*29th Joistha.*

---

*To the Editor of the Durpun.*

Sir,—If you will kindly correct these few lines, and publish them in a corner of your next Durpun, you will certainly oblige us. The Civil Appointments under Regulation V. of 1831, now conferred on the Natives of this country from which community in general being greatly honoured and benefited. For this we are exceedingly grateful and ever bless for the prosperity and long life of our late Governor General, Lord William Bentinck. The Moonsiffs attached to Sulkea, Jhinnidoah and Nawabad within the jurisdiction of Zillah Jessore, viz. Mr. Thomas, Baboo Hurchunder Rai, and Baboo Taruckchunder Ghose, who have been appointed to those offices, and by their excellent dispositions have greatly relieved the distress both of plaintiffs and defendants, all the people of the said places consider the above appointments as a mark of their good fortune. After the strictest enquiry we are able to pronounce the decisions of the aforesaid Native Judges worthy of praises. As before them various causes have been brought respecting lands and other important matters, which have been for a long time the cause of litigation, but they by their just and prompt decisions have so settled those disputes, that no cause of complaint remains on either side of the suitors. The latter Moonsiff's eldest brother is one of the Principal Sudder Ameens of the said Zillah Court; we therefore most humbly suggest to our worthy Judge, Mr. Phillips, that the appeals from the decisions of the said Moonsiff, hereafter may be referred for investigation to any other Court with more advantages, than direct to his brother in question, which will be more equitable both to the suitors and to that officer. But we must now close, however, ere we do so, we must acknowledge to the particular diligence and speedy decisions in all cases of little or great importance by the former functionary, in general to other Moonsiffs of the aforesaid Zillah, we mean Mr. Thomas. If the English papers would kindly publish these few lines we should be greatly obliged.

*Certain Lovers of Justice.*

*Muddundhurry, 9th June, 1836.*

*Published verbatim.—Ed.*

---

*Government Securities.*

| | | | |
|---|---|---|---|
| 6 Per Cent loan, | 17 0 | 18 0 | Prem. |
| Old 5 Per Cent loan, | | | |
| 1st. Class, | 0 4 | 0 0 | |
| 2d. Class, | 0 5 | 0 0 | |
| 3d. Class, | 4 0 | 3 8 | |
| Middle 5 per cent loan, | 0 0 | 0 0 | |
| New 5 per Cent, | 11 8 | 10 8 | |
| 4 per Cent loan, | 0 2 | 0 6 | Disct. |

*Bank Shares.*

Bank of Bengal, ................ Sa. Rs 6000—6200.